ডাইরি/ওয়েবসাইটে আপলোডের ব্যবস্থা নিন

| | |
|---|---|
| স্টেশন প্রকৌশলী | |
| উপ-স্টেশন প্রকৌশলী | |
| সহকারী বেতার প্রকৌশলী | |
| রেডিও টেকনিশিয়ান | |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ বেতার
সদর দপ্তর
৩১, সৈয়দ মাহবুব মোর্শেদ সরণি
আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭
www.betar.gov.bd

প্রেস বিজ্ঞপ্তি

নং- ১৫.৫৩.০০০০.০০৭.১৭.১৭৮.২১.৩০১ তারিখ: ১৫/০৩/২০২১ খ্রি:

**বিষয়: জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মবার্ষিকী ও স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষে দশ দিনব্যাপী অনুষ্ঠানসমূহ সরাসরি সম্প্রচার।**

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মবার্ষিকী ও স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদযাপন উপলক্ষে জাতীয় প্যারেড স্কয়ারে আগামী ১৭ই মার্চ থেকে ২৬শে মার্চ ২০২১ পর্যন্ত দশ দিনব্যাপী বিশেষ অনুষ্ঠানমালার আয়োজন করা হয়েছে। 'মুজিব চিরন্তন' প্রতিপাদ্যে দশ দিনব্যাপী অনুষ্ঠানমালায় প্রতিদিন পৃথক থিমভিত্তিক আলোচনা অনুষ্ঠান, সাংস্কৃতিক অনুষ্ঠান, অডিওভিজুয়াল এবং অন্যান্য বিশেষ পরিবেশনার মাধ্যমে বঙ্গবন্ধুর প্রতি শ্রদ্ধা নিবেদন করা হবে। দশ দিনের অনুষ্ঠানমালার থিমগুলো হলো- ১৭ই মার্চ 'ভেঙেছ দুয়ার এসেছো জ্যোতির্ময়', ১৮ই মার্চ 'মহাকালের তর্জনী', ১৯শে মার্চ 'যতকাল রবে পদ্মা যমুনা', ২০শে মার্চ তারুণ্যের আলোকশিখা', ২১শে মার্চ ' ধ্বংসস্তুপে জীবনের গান' ২২ শে মার্চ 'বাংলার মাটি আমার মাটি', ২৩শে মার্চ 'নারীমুক্তি, সাম্য ও স্বাধীনতা', ২৪শে মার্চ 'শান্তি-মুক্তি ও মানবতার অগ্রদূত', ২৫শে মার্চ 'গণহত্যার কালরাত্রি ও আলোকের অভিযাত্রা' এবং ২৬শে মার্চ ' স্বাধীনতার পঞ্চাশ বছর ও অগ্রগতির সুবর্ণরেখা' রয়েছে।

দশ দিনব্যাপি অনুষ্ঠানমালায় ১৭ই মার্চ, ২২ শে মার্চ এবং ২৬ শে মার্চ ২০২১ তারিখের অনুষ্ঠানে গনপ্রজাতন্ত্রী বাংলাদেশের মহামান্য রাষ্ট্রপতি জনাব মো: আবদুল হামিদ এবং ১৭ মার্চ, ১৯শে মার্চ, ২২ শে মার্চ, ২৪শে মার্চ এবং ২৬শে মার্চ ২০২১ তারিখের অনুষ্ঠানে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা উপস্থিত থাকবেন। মাননীয় প্রধানমন্ত্রীর পাঁচ দিনের অনুষ্ঠানে বিদেশি রাষ্ট্রপ্রধান এবং সরকার প্রধানগণ সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত থাকবেন। আগামী ১৭ই মার্চ ২০২১ তারিখের অনুষ্ঠানে সম্মানিত অতিথি হিসেবে মালদ্বীপের রাষ্ট্রপতি ইব্রাহিম মোহামেদ সলিহ, ১৯শে মার্চ ২০২১ তারিখের অনুষ্ঠানে শ্রীলংকার প্রধানমন্ত্রী মাহিন্দা রাজাপাকসে, ২২শে মার্চ ২০২১ তারিখের অনুষ্ঠানে নেপালের রাষ্ট্রপতি বিদ্যা দেবী ভান্ডারী, ২৪ শে মার্চ ২০২১ তারিখের অনুষ্ঠানে ভুটানের প্রধানমন্ত্রী লোটে শেরিং এবং ২৬শে মার্চ ২০২১ তারিখের অনুষ্ঠানে ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি উপস্থিত থাকবেন। এছাড়া, এই পাঁচ দিনের অনুষ্ঠানসহ অন্য পাঁচ দিনের অনুষ্ঠানমালায় বিভিন্ন দেশের রাষ্ট্র প্রধান, সরকার প্রধান, আন্তর্জাতিক সংস্থার প্রধান এবং গুরুত্বপুর্ণ ব্যক্তিবর্গের ধারণকৃত বক্তব্য প্রদর্শন করা হবে।

আগামী ১৭ই মার্চ ২০২১ তারিখের অনুষ্ঠানে শুভেচ্ছা বক্তব্য প্রদান করবেন চীনের রাষ্ট্রপতি শি জিনপিং এবং কানাডার প্রধানমন্ত্রী জাস্টিন ট্রুডো, ১৮ই মার্চ ২০২১ তারিখের অনুষ্ঠানে কম্বোডিয়ার প্রধানমন্ত্রী হুন সেন, ২০শে মার্চ ২০২১ তারিখের অনুষ্ঠানে ওআইসি'র সেক্রেটারি জেনারেল ড. ইউসেফ আহমেদ আল-ওথাইমিন, ২২শে মার্চ ২০২১ তারিখের অনুষ্ঠানে জাপানের প্রধানমন্ত্রী ইউশিহিদে সুগা, ২৪শে মার্চ ২০২১ তারিখের অনুষ্ঠানে পোপ ফ্রান্সিস, ২৫শে মার্চ ২০২১ তারিখের অনুষ্ঠানে দক্ষিণ কোরিয়ার প্রধানমন্ত্রী চুং স্যু-কুয়েন এবং বাংলাদেশের ঘনিষ্ঠ বন্ধু জাপানের তাকাশি হাওয়াকাওয়ার পুত্র ওসামু হাওয়াকাওয়া।

জাতীয় প্যারেড স্কয়ারে অনুষ্ঠিতব্য ১৭ই মার্চ, ১৯শে মার্চ, ২২শে মার্চ, ২৪শে মার্চ, এবং ২৬শে মার্চ ২০২১ তারিখের অনুষ্ঠান বিকাল ৪টা ৩০মিনিটে শুরু হবে। এবং অন্যান্য দিনের অনুষ্ঠান বিকাল ৫টায় শুরু হবে। বর্ণিত অনুষ্ঠানসমূহ বিটিসিএল লাইন এর মাধ্যমে বাংলাদেশ বেতার ঢাকা-ক ৬৯৩ কিলোহার্জ, এফ.এম. ১০৬.০ মেগাহার্জ, ট্রাফিক সম্প্রচার কার্যক্রম ৮৮.৮ মেগাহার্জ এবং ওয়েব সাইট www.betar.gov.bd ও বাংলাদেশ বেতার অ্যাপ থেকে সরাসরি সম্প্রচার করবে। একই সাথে বাংলাদেশ বেতারের সকল আঞ্চলিক কেন্দ্রের মধ্যম তরঙ্গ ও সংশ্লিষ্ট এফ. এম ব্যান্ডে অনুষ্ঠানটি একযোগে রীলে করবে।

বিজ্ঞপ্তিটি অনুগ্রহপূর্বক প্রকাশনা ও প্রচারের জন্য অনুরোধ করা হলো।

মো: বশির উদ্দিন
পরিচালক
লিয়াজোঁ ও শ্রোতা গবেষণা অনুবিভাগ
ফোন : ৪৪৮১৩০৭৬
Email: director.liaison@yahoo.com

নং- ১৫.৫৩.০০০০.০০৭.১৭.১৭৮.২১.৩০১
তারিখ: ১৫/০৩/২০২১

বিতরণ ঃ কার্যার্থে (নামের ক্রম জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)-

১. প্রধান তথ্য অফিসার, পি. আই. ডি. বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
২. পরিচালক, বার্তা, কেন্দ্রীয় বার্তা সংস্থা, বাংলাদেশ বেতার, ঢাকা (বিজ্ঞপ্তিটি প্রচারের অনুরোধ জানানো হলো)।
৩. পরিচালক, বার্তা, বাংলাদেশ টেলিভিশন, রামপুরা, ঢাকা।
৪. সিনিয়র ইঞ্জিনিয়ার, গবেষণা ও গ্রহণ কেন্দ্র, বাংলাদেশ বেতার, ঢাকা (বেতারের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৫. পরিচালক, ট্রাফিক সম্প্রচার কার্যক্রম, বাংলাদেশ বেতার, ঢাকা।
৬. আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার, ঢাকা (বিজ্ঞপ্তিটি প্রচারের অনুরোধ জানানো হলো) ।
৭. চীফ রিপোর্টার, বাসস/ ইউএনবি/ bdnews 24.com
৮. সম্পাদক, দৈনিক ইত্তেফাক/ দৈনিক যুগান্তর/ দৈনিক জনকন্ঠ/ দৈনিক প্রথম আলো/ দৈনিক সমকাল/ দৈনিক বাংলাদেশ প্রতিদিন/ দৈনিক কালের কণ্ঠ/ দৈনিক সকালের খবর/ ডেইলী ষ্টার/ ডেইলী সান/ দৈনিক মানবজমিন, ঢাকা।
৯. প্রধান বার্তা সম্পাদক, চ্যানেল আই/ এটিএন বাংলা/ এটিএন নিউজ/ একুশে টিভি/ এনটিভি/ বাংলাভিশন/ দেশ টিভি/ ইন্ডিপেনডেন্ট টিভি/ চ্যানেল ২৪/ একাত্তর টিভি/ আরটিভি/এস এ টিভি/ সময় টেলিভিশন/ বৈশাখী টিভি/ মাছরাঙ্গা টেলিভিশন/ মাই টিভি/ জিটিভি/ মোহনা টিভি/ যমুনা টিভি/ চ্যানেল নাইন, ঢাকা।
১০. মহাপরিচালক মহোদয়ের একান্ত সহকারী, বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা।
১১. নথি।